দৈনিক জনকণ্ঠ

১৩৩

তারিখ MAR. 7 1999
পৃষ্ঠা: ২০ কলাম: ৭

# লাইব্রেরীর খোঁজখবর

## জ্ঞানের উন্মোচিত জগত

### পাবলিক লাইব্রেরী

শাহবাগ জাতীয় যাদুঘরের পাশে অবস্থিত। এখানে বিভিন্ন ধরনের বিভিন্ন বিষয়ের বই, পত্র-পত্রিকা রয়েছে। এ লাইব্রেরীর নিচতলায় রয়েছে শিশুদের পড়ার জন্য বইপত্র। দ্বিতীয় এবং তৃতীয় তলায় রয়েছে বিজ্ঞান, কলা ও বাণিজ্য বিভাগের বিভিন্ন বই। সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত এটি সকলের জন্য খোলা থাকে। এ লাইব্রেরীতে পড়াশোনা করার জন্য কোন সদস্য হতে হয় না।

### মহানগর লাইব্রেরী

ঢাকা প্রাণকেন্দ্র গুলিস্তানে এটি অবস্থিত। এখানে রয়েছে বিভিন্ন বিষয়ের বই ও পত্র-পত্রিকা। সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৪.৩০টা পর্যন্ত এটি খোলা থাকে। সদস্য না হয়েও যে কেউ এখানে পড়াশোনা করতে পারে। এখানে সদস্য হয়ে বই ধার নেওয়ার ব্যবস্থা রয়েছে।

### ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরী

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার ফুলার রোডে অবস্থিত। ইংলিশ মিডিয়ামের বিভিন্ন বিষয়ের বই-পত্র এখানে রয়েছে। এখানে সদস্য হয়ে বই পড়া ও ধার নেয়ার ব্যবস্থা রয়েছে। খোলা থাকে বৃহস্পতি ও শুক্রবার ছাড়া প্রতিদিন ১০টা থেকে ৬টা পর্যন্ত। এখানে অডিও শোনা এবং ভিডিও দেখারও ব্যবস্থা রয়েছে।

### গণ উন্নয়ন লাইব্রেরী

ধানমণ্ডি শংকর এলাকায় অবস্থিত। এ লাইব্রেরী সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা থাকে। যে কেউ এখানে বসে পড়াশোনা করতে পারে। তবে সদস্য হলে বই ধার নেয়ার সুযোগ রয়েছে। ঠিকানা ঃ বাড়ি নং-৩৯ (নতুন), সড়ক নং-১৪/৩ (নতুন)।

### ভারতীয় দূতাবাস লাইব্রেরী

শুক্রবার ও শনিবার ব্যতীত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৬টা পর্যন্ত খোলা থাকে। সকলের জন্য এ লাইব্রেরী উন্মুক্ত। ঠিকানা ঃ ৭৫৪, সাত মসজিদ রোড, ধানমণ্ডি, ঢাকা। ভারতীয় যাবতীয় বই পড়ার সুযোগ এখানে রয়েছে।

### ব্যানবেইস লাইব্রেরী

পলাশী নীলক্ষেতের সোনারগাঁও রোডে অবস্থিত। সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল সাড়ে নয়টা থেকে সাড়ে চারটা পর্যন্ত এটি খোলা থাকে। এখানে পড়াশোনা করতে হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র দেখাতে হয়। এখানে বই ধার নেয়ার কোন ব্যবস্থা নেই।

### ইসলামিক ফাউন্ডেশন লাইব্রেরী

ইসলামিক বিভিন্ন বই পড়ার বিশাল সুযোগ রয়েছে। এটি বায়তুল মোকাররম কমপ্লেক্সে অবস্থিত। শনিবার ছাড়া প্রতিদিন সকাল ১০টা থেকে এশার আজান পর্যন্ত খোলা থাকে। সকলের জন্যই এটি উন্মুক্ত।

### বিশ্বসাহিত্য কেন্দ্র

সাহিত্য বিষয়ে পড়াশোনার এক উল্লেখযোগ্য লাইব্রেরী। এ লাইব্রেরীর অবস্থান বাংলামোটর পেট্রোল পাম্প গলির একটু ভিতরে। এটি শুক্রবার ব্যতীত প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে। এখানে সকলেরই পড়ার সুযোগ রয়েছে। তবে সদস্য হয়ে বই ধার নেয়ার ব্যবস্থা রয়েছে।

### জাতীয় গ্রন্থাগার

শেরেবাংলা নগর জাতীয় বেতার ভবনের পাশে। এখানে সদস্য হয়ে পড়াশোনা করার ব্যবস্থা রয়েছে। সরকারী ছুটির দিন ব্যতীত বাকি পাঁচ দিনই এটি খোলা থাকে সকাল ১০টা থেকে বিকাল ৪.৩০টা পর্যন্ত।

### ইউসিস লাইব্রেরী

কলেজ-বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সদস্য হওয়ার সুবাদে পড়াশোনার ব্যবস্থা রয়েছে। এটির অবস্থান বনানীতে। বাড়ি নং-১১০, রোড নং-২৭। এটি বৃহস্পতি ও শনিবার ব্যতীত প্রতিদিন খোলা থাকে। এখানে বই ছাড়াও অডিও, ভিডিও'র ব্যবস্থা আছে।

### প্রেস ইনস্টিটিউট লাইব্রেরী

সাংবাদিক ও সাংবাদিকতায় আগ্রহীদের জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ লাইব্রেরী। এখানে বাংলাদেশের সব ধরনের পত্র-পত্রিকা পড়ার সুযোগ রয়েছে। এছাড়াও রয়েছে বিভিন্ন বইপত্র। এ লাইব্রেরীর অবস্থান বেইলী রোডের পাশে, সার্কিট হাউস রোডে। সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এটি খোলা থাকে। সকলের জন্যই এটি উন্মুক্ত।

### ব্যান্সডক লাইব্রেরী

সায়েন্স ল্যাবরেটরির ভিতরে। এখানে বিজ্ঞানের বিভিন্ন রেফারেন্স বই, পত্র-পত্রিকা পড়ার সুযোগ রয়েছে। সকলের জন্য উন্মুক্ত এ লাইব্রেরী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল সাড়ে চারটা পর্যন্ত খোলা থাকে।

*ওয়াহিদ মোহাম্মদ*